

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
ফেনী সরকারি কলেজ, ফেনী।

তারিখ : ২০ মে, ২০১৮ খ্রি.


২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত  
জরুরি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক(সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) কোর্সে ভর্তি হয়ে রেজিস্ট্রেশন কার্ড পেয়েছে, সে সকল শিক্ষার্থীর দ্বৈত ভর্তির কারণে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হয়নি। তবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনায় এনে তাদের পূর্বের ভর্তি বাতিলপূর্বক (নির্ধারিত জরিমানা ও ভর্তি বাতিল ফি প্রদান করে) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তাদের জরিমানা ও ভর্তি বাতিলের হার নিম্নরূপঃ

ক্রমিক	ভর্তি বাতিলকারীর ধরণ	জরিমানার পরিমাণ
ক)	২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) কোর্সে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়ে ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে।	প্রতি শিক্ষার্থী ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ভর্তি বাতিল ফি= ৭০০/- (সাতশত) টাকা
খ)	২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) কোর্সে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়েছে কিন্তু ২০১৭ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি।	প্রতি শিক্ষার্থী ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা ও ভর্তি বাতিল ফি= ৭০০/- (সাতশত) টাকা
গ)	অনলাইনে ভর্তি বাতিলের লিংক	<a href="http://202.51.179.36/PMS/Student/AdmissionCancel.aspx">http://202.51.179.36/PMS/Student/AdmissionCancel.aspx</a>

উল্লিখিত জরিমানা ও ভর্তি বাতিল ফি প্রদানপূর্বক যে সকল শিক্ষার্থী তাদের পূর্ববর্তী ভর্তি বাতিল করবে, সে সকল শিক্ষার্থীর ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রোগ্রামে ভর্তিকৃত বিষয়ে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থী যে শিক্ষা কার্যক্রমের (ক্রমিক ক অথবা খ) ভর্তি বাতিল করবে তাকে অবশ্যই সেই শিক্ষা কার্যক্রমের মূল রেজিস্ট্রেশন কার্ডটি স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

উল্লিখিত নিয়ম অনুযায়ী দ্বৈত ভর্তিকৃত শিক্ষার্থীকে ২৮/০৫/২০১৮ তারিখের মধ্যে ভর্তি বাতিল করে ফরম পূরণ করার জন্য নির্দেশ দেওয়া গেল। পরবর্তীতে কলেজ কর্তৃপক্ষ এ ব্যাপারে দায়ী থাকবে না।

  
অধ্যক্ষ  
ফেনী সরকারি কলেজ, ফেনী।  
ফেনী সরকারি কলেজ, ফেনী।